# 2022

## BENGALI

## ( Honours )

Paper : BEN–HC–5016

( আধুনিক বাংলা সাহিত্য ঃ প্রাক্-স্বাধীনতা পর্ব )

Full Marks : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) “তোমাদের রক্ত-সমুদ্রে
গ'লে পরিণত হয় মাটিতে,”

'কাস্তে' কবিতায় কী গ'লে মাটিতে পরিণত হয়েছে ?

( সোনার পৃথিবী / লৌহের পৃথিবী / মাটির পৃথিবী / তামার পৃথিবী )

(খ) “দিগন্তে _____ঘনায়ে
আসে ওই!...”

শূন্যস্থানের শব্দটি হল

( মৃত্তিকা / অন্ধকার / অমাবস্যা/ পাপ )

(গ) 'হায় চিল' কবিতায় চিল কোন্ নদীর পাশে উড়ে উড়ে কান্না করছিল ?

( পদ্মা / মেঘনা / ব্রহ্মপুত্র / ধানসিঁড়ি )

(ঘ) "এই নিয়ে সে অনেক বারই মায়ের কাছে খেয়েছে মার।"
'রাখালী' কবিতায় মেয়েটির মায়ের কাছে মার খাওয়ার কারণ হল

( হাসি / দুষ্টুমি / কান্না / কাজে অন্যমনস্কতা )

(ঙ) "_____ হাটে গিয়ে আনবো কিনে পাটের শাড়ি।"
শূন্যস্থানের শব্দটি হল

( বকুলতলার / সোনাঝুরির / কাজলতলার/ কৃষ্ণচূড়ার )

(চ) "বিধাতার আশীর্বাদে আমি তা সহজে পান করি।"
'চম্পা' কবিতায় কী পান করার কথা রয়েছে?

( জল / জ্যোৎস্না / মদিরা / রৌদ্র )

(ছ) 'রজনী' উপন্যাসের প্রথম খণ্ডে রয়েছে

( 'রজনীর কথা' / 'অমরনাথের কথা' / 'শচীন্দ্র বক্তা' / 'সকলের কথা' )

(জ) 'রজনী' উপন্যাসে লবঙ্গলতার নাম তার পিতা রেখেছিলেন

( লবঙ্গলতিকা / লবঙ্গ / ললিতলবঙ্গলতা / ললিতলবঙ্গ )

(ঝ) 'রজনী' উপন্যাসে গোপালের পিতার নাম

( রামসদয় মিত্র / হরনাথ বসু / গোবিন্দকান্ত দত্ত / রাজচন্দ্র দাস )





(ঞ) 'রজনী' উপন্যাসে অমরনাথের পিত্রালয় ছিল

( শান্তিপুরে / ভবানীনগর গ্রামে / শিমলায় / বালিগঞ্জে )

(ট) "আমি রজনীর বিবাহের সকল উদ্যোগ করিয়াছিলাম —বিবাহের দিন প্রাতে শুনিলাম যে, রজনী পলাইয়াছে,"
এখানে 'আমি' হল

( অমরনাথ / শচীন্দ্র / লবঙ্গলতা / হরনাথ বসু )

(ঠ) শচীন্দ্রনাথের পূর্বপুরুষেরা বাস করতেন

( কাশীধামে / শান্তিপুরে / শিমলায় / ভবানীনগর গ্রামে )

(ড) "তিনি প্রতিমা গড়িতে পারেন নাই, ভেক গড়িয়াছিলেন।"
'প্রাচীন বঙ্গ সাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধের অন্তর্ভুক্ত এই উদ্ধৃতাংশের 'তিনি' হলেন

( প্রাণরাম / কৃষ্ণরাম / কবিকঙ্ক / ভারতচন্দ্র )

(ঢ) "অগস্ত্যের ক্রুদ্ধ চক্ষু হইতে এমন প্রচণ্ড বিদ্যুৎস্রোত নির্গত হইল যে সমস্ত সমুদ্রের জল এক নিমেষে বিশ্লিষ্ট হইয়া হাইড্রোজেন অক্সিজেন রূপে উবিয়া গেল।"
রাজশেখর বসুর 'অপবিজ্ঞান' প্রবন্ধে অগস্ত্য মুনির সমুদ্র-শোষণের এই বৈজ্ঞানিক ব্যাখ্যা দিয়েছিলেন

( আইনস্টাইন / নিউটন / জগদীশচন্দ্র বসু / পণ্ডিত শশধর তর্কচূড়ামণি )



Rangapara College

(ণ) রাজশেখর বসুর 'অপবিজ্ঞান' প্রবন্ধ মতে রবারের সঙ্গে যে বস্তুটি মিলিয়ে ইবনাইট বা ভল্‌কানাইট প্রস্তুত করা হয় সেটি হল

( প্লাস্টিক / গন্ধক / কাচ / লোহা )

(ত) "অনুবাদে মূলের ছায়া পাওয়া যায় মাত্র; মূলের প্রাণ অনুবাদে থাকিতে পারে না।" এই উক্তিটি যে প্রাবন্ধিকের প্রবন্ধে রয়েছে তিনি হলেন

( দীনেশচন্দ্র সেন / রাজশেখর বসু / মুহম্মদ শহীদুল্লাহ্ / সুনীতিকুমার চট্টোপাধ্যায় )

(থ) মুহম্মদ শহীদুল্লাহ্ ভাষার ক্ষেত্রে 'সাহিত্য' পত্রিকার দলকে বলেছেন

( চরমপন্থী / প্রাচীনপন্থী / মধ্যপন্থী / নব্যপন্থী )

(দ) রোকেয়া সাখাওয়াত হোসেন তাঁর প্রবন্ধে নারীজাতিকে তার জড়োয়া চিক যে পশুর গলায় পরাতে বলেছেন সেটি হল

( কুকুর / বিড়াল / গরু / ঘোড়া )

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) সুকান্ত ভট্টাচার্যের 'একটি মোরগের কাহিনী' কবিতায় মোরগটি কোথায় আশ্রয় পেয়েছিল? সেখানে কাদের সঙ্গে সে আশ্রয় পেয়েছিল?

(খ) জসীমউদ্দীনের 'রাখালী' কবিতায় চাষার ছেলে ফেরার পথে কোথায় তার বাঁশীটি রেখে গিয়েছিল? ওই বাঁশীটি দিয়ে মেয়েটি কী করেছিল?





(গ) 'হায় চিল' কবিতায় চিলের ডানার রং কী ছিল? সে কোন্ সময়ে উড়ছিল?

(ঘ) "তোর বর সুন্দর হলেও আমার বৃদ্ধ স্বামীর অপেক্ষা সুন্দর নহে।" উক্তিটির বক্তা কে? 'তোর' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে?

(ঙ) "এমত সময়ে এক বৎসরের একটি শিশু, টলিতে টলিতে, চলিতে চলিতে, পড়িতে পড়িতে, উঠিতে উঠিতে সেইখানে আসিয়া উপস্থিত হইল।" শিশুটি কে? তার নাম কী, ছিল?

(চ) 'রজনী' উপন্যাসে হরেকৃষ্ণ দাসের ভাই ও শ্যালীপতির নাম কী ছিল, লেখো।

(ছ) দীনেশচন্দ্র সেনের 'প্রাচীন বঙ্গ সাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধে উল্লিখিত দক্ষিণরায়ের উপাখ্যানের দুজন কবির নাম লেখো।

(জ) রাজশেখর বসু তাঁর 'অপবিজ্ঞান' প্রবন্ধে 'টিন' শব্দ সম্পর্কে যে মত প্রকাশ করেছেন সে সম্পর্কে লেখো।

(ঝ) মুহম্মদ শহীদুল্লাহ্ 'আমাদের ভাষা সমস্যা' প্রবন্ধে মাদ্রাসায় কয়টি ভাষাচর্চার কথা বলেছেন? বৈকল্পিক বিষয় (optional subject) হিসেবে তিনি কোন্ ভাষাচর্চাকে সমর্থন করেছেন?

(ঞ) রোকেয়া সাখাওয়াত হোসেন তাঁর 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধে বিহারের বেগমের কত টাকার অলংকার ছিল বলে উল্লেখ করেছেন? বেগমের সিঁথির অলংকারের ওজন কত ছিল?

৩। উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) রবীন্দ্রনাথের 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের 'একটি মাত্র' কবিতায় প্রস্ফুটিত প্রকৃতিচিত্রের বর্ণনা দাও।

(খ) "ইস্পাতে কামানেতে দুনিয়া
কাল যারা করেছিল পূর্ণ,
কামানে-কামানে ঠোকাঠুকিতে
আজ তারা চূর্ণবিচূর্ণ।"

উদ্ধৃতাংশের অন্তর্নিহিত তাৎপর্য বিশদ করো।

(গ) 'রজনী' উপন্যাসে অঙ্কিত হীরালাল চরিত্রের পরিচয় দাও।

(ঘ) হরেকৃষ্ণ দাসের মৃত্যুর পর তার কন্যার জন্য রক্ষিত স্বর্ণালঙ্কারগুলির কী হয়েছিল সে সম্পর্কে লেখো।

(ঙ) "আমাদিগের বাড়ীতে এক সন্ন্যাসী আসিয়া মধ্যে মধ্যে থাকিত।" উদ্ধৃতাংশের বক্তা কে? এই সন্ন্যাসীর বিশেষত্ব সম্পর্কে যা জান লেখো।

(চ) "এই পুচ্ছগ্রাহিতা বাঙ্গালার জাতীয় জীবনের সূত্র।" দীনেশচন্দ্র সেনের 'প্রাচীন বঙ্গ সাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধের উদ্ধৃতাংশে প্রাবন্ধিক বাঙালির জাতীয় জীবনের পুচ্ছগ্রাহিতা বলতে কী বোঝাতে চেয়েছেন বুঝিয়ে লেখো।

(ছ) মুহম্মদ শহীদুল্লাহ্ তাঁর 'আমাদের ভাষা সমস্যা' প্রবন্ধে মাতৃভাষার পক্ষে যে যুক্তি প্রদর্শন করেছেন তা সংক্ষেপে তুলে ধরো।

(জ) ".... তাঁহাদের অধিক যত্নই আমাদের সর্বনাশের কারণ।" সপ্রসঙ্গ উক্তিটি বিশদ করো।





৪। (ক) সত্যেন্দ্রনাথ দত্তের 'চম্পা' কবিতা অবলম্বনে চম্পার দুঃসাহসী চরিত্র-বৈশিষ্ট্যের স্বরূপ স্পষ্ট করো। ১০

*অথবা*

(খ) 'হায় চিল' কবিতা অবলম্বনে জীবনানন্দের কবি-প্রতিভার পরিচয় দাও।

৫। (ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'রজনী' উপন্যাসের শচীন্দ্র চরিত্র সম্পর্কে যা জান লেখো। ১০

*অথবা*

(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'রজনী' উপন্যাসে রজনীর জীবনে অমরনাথের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৬। (ক) দীনেশচন্দ্র সেন তাঁর 'প্রাচিন বঙ্গ সাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধে বৈষ্ণব-গীতি ও পল্লী-গীতিকা সম্পর্কে যে অভিমত ব্যক্ত করেছেন সে সম্পর্কে যথাযথ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) রাজশেখর বসু বিজ্ঞান সম্পর্কে তাঁর যে অভিমত 'অপবিজ্ঞান' প্রবন্ধে ব্যক্ত করেছেন সে সম্পর্কে যা জান লেখো।

*অথবা*

(গ) মুহম্মদ শহীদুল্লাহ্ 'আমাদের ভাষা সমস্যা' প্রবন্ধে ভাষা সমস্যা বলতে কী বোঝাতে চেয়েছেন, প্রবন্ধটি অবলম্বনে তা বুঝিয়ে লেখো।



Rangapara College

৭। (ক) ‘‘চাঁদের শতক আজ নহে তো
এ-যুগের চাঁদ হলো কাস্তে!’’

উদ্ধৃতাংশের আলোকে দীনেশ দাসের ‘কাস্তে’ কবিতার নিহিতার্থ তুলে ধরো। ১০

*অথবা*

(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘রজনী’ উপন্যাসের প্রথম খণ্ডের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

*অথবা*

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘রজনী’ উপন্যাসে লবঙ্গলতা চরিত্রের গুরুত্ব সম্পর্কে বুঝিয়ে লেখো।

★★★